গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর

স্মারক: ১৫.৫২.৬০৯১.০২৩.১৭.০৫০.২২- ৯২৪৪ তারিখ ২৫.১১.২০২৪ খ্রিস্টাব্দ

সিলেটের স্থানীয় বিভিন্ন পত্র-পত্রিকায় সংবাদ, নিবন্ধ, সম্পাদকীয়, উপ-সম্পাদকীয় ও পাঠকের চিঠির মাধ্যমে সরকারের নীতি ও কার্যক্রমের যে সব আলোচনা ও পর্যালোচনা করা হয়েছে তা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

জনস্বার্থে কিছু প্রকাশ করার প্রয়োজন থাকলে আঞ্চলিক তথ্য অফিস, সিলেট (টেলিফোন: ৯৭৭০১৫৪০-৩) এবং তথ্য অধিদফতরের ভবন নং ৯ এর ২০৬ নং সংবাদ কক্ষের সঙ্গে (টেলিফোন: ৯৫৪০০১৯, ৯৫১৪৯৮৮, ৯৫১২২৪৬ ফ্যাক্স: ৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬ ই-মেইল: pidsylhet@gmail.com, piddhaka@gmail.com, piddhaka@yahoo.com যোগাযোগ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা

মাসুদ পারভেজ
২৫/১১/২৪
মো. মাসুদ পারভেজ
সহকারী তথ্য অফিসার
উপপ্রধান তথ্য অফিসারের পক্ষে
ফোন- ০১৭১৭-৬৩৮৮৯৬

বিতরণ:
০১। বিভাগীয় কমিশনার, সিলেট
০২। ডিআইজি, সিলেট
০৩। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট
০৪। জেলা প্রশাসক, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ
০৫। পুলিশ সুপার সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ

অনুলিপি:

০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সংশ্লিষ্ট নথি

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয় 'র সারসংক্ষেপ; গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার:

সংখ্যা ০৯৭/২০২৪

সিলেট, সোমবার ১০ অগ্রহায়ণ ১৪৩১, ২৫ নভেম্বর ২০২৪

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলোর প্রধান খবর বা শিরোনাম

০১। চা একটি জাতীয় ফসল হিসেবে গুরুত্ব দিতে হবে: উপাচার্য অধ্যাপক ড. মো. আলিমুল ইসলাম

০২। মৌলভীবাজারে তিন দিনব্যাপী কৃষি ও প্রযুক্তি মেলার শুভ উদ্বোধন

০৩। গণঅভ্যুত্থানে আহত ও শহিদদের স্মরণে দক্ষিণ সুরমায় সভা অনুষ্ঠিত

০৪। সিলেট-সুনামগঞ্জ সড়কে সংকেতহীন স্পিড ব্রেকার, দুর্ঘটনার আশঙ্কা

০৫। দোয়ারায় ৫২ বস্তা চোরাই চিনিসহ আটক দুই

বিস্তারিত সংবাদ

০১. চা একটি জাতীয় ফসল হিসেবে গুরুত্ব দিতে হবে: উপাচার্য অধ্যাপক ড. মো. আলিমুল ইসলাম

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আলিমুল ইসলাম বলেছেন, বাংলাদেশের ১৬ কোটির বেশি মানুষ চা পান করে। চাকে একটি জাতীয় ফসল হিসেবে গুরুত্ব দিতে হবে। সিলেট অঞ্চলে চা-কে একক ফসল হিসেবে গুরুত্ব দিয়ে চায়ের উৎপাদন বৃদ্ধি করা সম্ভব। এর মাধ্যমে বিদেশে চা রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব হবে। গতকাল রবিবার সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের (সিকৃবি) ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদের সম্মেলন কক্ষে টেকসই চা উৎপাদনের জন্য খরা এবং রেড স্পাইডার মাইট সহনশীল চা ক্লোন নির্বাচন শীর্ষক কর্মশালায় তিনি এসব কথা বলেন। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক পুণ্যভূমি, দৈনিক সিলেট বাণী, দৈনিক শুভ প্রতিদিন, দৈনিক জৈন্তা বার্তা, দৈনিক জালালাবাদ, দৈনিক কাজির বাজার প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০২. মৌলভীবাজারে তিন দিনব্যাপী কৃষি ও প্রযুক্তি মেলার শুভ উদ্বোধন

কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পের আওতায় মৌলভীবাজারে তিন দিনব্যাপী কৃষি ও প্রযুক্তি মেলা ২০২৪ শুরু হয়েছে। রবিবার (২৪ নভেম্বর) দুপুরে মৌলভীবাজার সদর উপজেলা মাঠে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক মো. ইসরাইল হোসেন। এসময় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সামসুদ্দিন আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার নাসরিন চৌধুরী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জেলা প্রশিক্ষণ অফিসার মো. জালাল উদ্দিন সরকার, অতিরিক্ত উপপরিচালক (পিপি) নিলুফার ইয়াসমিন মোনালিসা সুইটি, সদর উপজেল কৃষি অফিসার নাগিব মাহফুজসহ অন্যন্যরা উপস্থিত ছিলেন। (দৈনিক পুণ্যভূমি, দৈনিক জৈন্তা বার্তা প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০৩. গণঅভ্যুত্থানে আহত ও শহিদদের স্মরণে দক্ষিণ সুরমায় সভা অনুষ্ঠিত

জুলাই-আগস্টে ছাত্র জনতার গণঅভ্যুত্থানে আহত ও শহিদদের স্মরণে তাদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে দক্ষিণ সুরমায় স্মরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকালে দক্ষিণ সুরমা উপজেলা প্রশাসন আয়োজিত শহিদ বুদ্ধিজীবী মোহাম্মদ আব্দুল মোক্তাদির মিলনায়তনে আয়োজিত স্মরণ সভায় আন্দোলনে আহতরা সে দিনগুলোর নির্মমতা বর্ণনা করেন। এসময় উপস্থিত লোকজন আবেগাপ্লুত হয়ে পড়েন। আহতদের মধ্যে বক্তব্য রাখেন এনামুল কবির, মোস্তাফিজুর রহমান নিয়াজ, খান মোহাম্মদ সামী, শায়েখ আহমদ। (দৈনিক সিলেটের ডাক প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০৪. সিলেট-সুনামগঞ্জ সড়কে সংকেতহীন স্পিড ব্রেকার, দুর্ঘটনার আশঙ্কা

সুনামগঞ্জের শান্তিগঞ্জ উপজেলার সিলেট সুনামগঞ্জ আঞ্চলিক মহাসড়কের শান্তিগঞ্জ থানার রাস্তার সামন থেকে শুরু করে সুনামগঞ্জ টেক্সটাইল ইন্সটিটিউট পর্যন্ত প্রায় ৫শ মিটারের এরিয়ার মধ্যে সংকেতহীন পাঁচটি স্পিড ব্রেকার স্থাপন করা হয়েছে। এ স্পিড ব্রেকারগুলো খাড়াভাবে নির্মাণ করা হয়েছে এবং স্পিড ব্রেকারে কোন ধরনের সাংকেতিক চিহ্ন দেওয়া হয়নি। দূর থেকে রাতের বেলা কোনভাবেই বোঝা যায় না সামনে স্পিড ব্রেকার রয়েছে। প্রতিটি স্পিড ব্রেকারের সামনে গতিরোধক সাইন বোর্ড না থাকায় এবং সাংকেতিক চিহ্ন না দেওয়ায় প্রতিনিয়ত মারাত্বক দূর্ঘনার আশঙ্কা করছেন বিভিন্ন যানবাহনের চালক থেকে শুরু করে এলাকার সচেতন মহল। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক পুণ্যভূমি প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

০৫. দোয়ারায় ৫২ বস্তা চোরাই চিনিসহ আটক দুই

সুনামগঞ্জের দোয়ারাবাজার সীমান্তে ৫২ বস্তা ভারতীয় চিনিসহ দুই চোরাকারবারীকে আটক করেছে পুলিশ। আটককৃতরা হচ্ছে দোয়ারাবাজার উপজেলার নরসিংপুর ইউনিয়নের উত্তর শ্রীপুর গ্রামের মৃত আজর আলীর পুত্র আছকির আলী (৪০) এবং একই গ্রামের আব্দুন নুরের পুত্র মাইনুদ্দিন (২৫)। পুলিশ জানায়, শনিবার দুপুরে বিশেষ অভিযান চালিয়ে আটককৃতদের বসতঘর থেকে শুল্ককর ফাঁকি দিয়ে চোরাইপথে নিয়ে আসা ৫২ বস্তা ভারতীয় চিনিসহ উদ্ধার করা হয়। যার বর্তমান বাজার মূল্য দুই লক্ষ ৬০ হাজার টাকা। (দৈনিক যুগভেরী, দৈনিক জালালাবাদ, দৈনিক কাজির বাজার প্রমুখ পত্রিকায় এসংক্রান্ত সংবাদ রয়েছে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্য অধিদফতর

সম্পাদকীয়

ক. দৈনিক পুণ্যভূমি: আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস আজ।। সারা বিশ্বে নারী নির্যাতন বিষয়ে সচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে পালিত একটি আন্তর্জাতিক দিবস। বিভিন্ন নারী আন্দোলনকারী সংগঠন ১৯৮১ সাল থেকে এ দিনটিকে যথাযথ মর্যাদা এবং গুরুত্ব সহকারে পালন করা শুরু করে। ১৯৯৯ খ্রিষ্টাব্দে ২৫ নভেম্বরকে আন্তর্জাতিক দিবস হিসেবে জাতিসংঘ ঘোষণা করে। এর সূত্রপাত ঘটেছিল লাতিন আমেরিকার ডপিলিক্যান রিপাবলিকের একটি ন্যায়সঙ্গত আন্দোলনের মাধ্যমে। ১৯৬০ খ্রিষ্টাব্দের ২৫ নভেম্বর লাতিন আমেরিকার ডমিনিক্যান রিপাবলিকের স্বৈরাচারী শাসকের বিরুদ্ধে একটি ন্যায়সঙ্গত আন্দোলনের সময় প্যাট্রিয়া, মারিয়া তেরেসা ও মির্নাভা মিরাবেলকে হত্যা করে। উল্লেখ্য এ তিনজন ছিলেন সহোদরা বোন। ১৯৮১ সাল থেকে এ দিনটি আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিবাদ দিবস হিসেবে পালিত হয়।

খ. দৈনিক সিলেট মিরর: আলুর দাম সহনীয় করুন।। রাজধানীসহ দেশের বিভিন্ন বাজারে গত কয়েকদিন পুরনো আলু বিক্রি হয়েছে কেজি প্রতি ৭৫ টাকার বেশি দামে। আর দেশি জাতের নতুন আলুর দাম একশ টাকার উপরে। সেটি এ সময়ে কমবেশি এরকমই থাকে। তবে এবারই প্রথম পুরনো আলুর দাম কেজিতে ৭৫ টাকা ছাড়িয়েছে। বিষয়টি নিয়ে বাণিজ্যিক মন্ত্রণালয়ের সচেতনতা জরুরি। এদিকে দাম বাড়তি থাকলেও কৃষি মন্ত্রণালয় বলছে দেশে চাহিদার তুলনায় আলুর উৎপাদন অনেক বেশি। কিন্তু বাজারে এখন আলুর সরবরাহ সংকট রয়েছে। আবার হিমাগার পর্যায়েও দাম বাড়ানো হয়েছে। এর পাশাপাশি বাজারে বিভিন্ন সবজি ও ডিমের দামে অস্থিতিশীলতাও আলুর দামে প্রভাব ফেলেছে। তবে দেশি ও আমদানীকৃত আলুর দাম কোন অবস্থায়ই ৩৫-৪০ টাকার বেশি হওয়ায় কথা না। বাজারের বর্তমান পরিস্থিতির পেছনে এখন ব্যবসায়ী ও হিমাগার মালিকদের কারসাজিকেও দায়ী করছেন অনেকে।

নিবন্ধ/ফিচার/চিঠিপত্র: শিরোনাম ও লেখকের নাম

ক. সংস্কার ও জাতির স্বপ্ন- ওলীউর রহমান, দৈনিক সিলেটের ডাক

খ. ডেঙ্গুজ্বর: সচেতনতাই প্রতিরোধের সর্বোত্তম পন্থা- মো. লোকমান হেকিম, দৈনিক পুণ্যভূমি

গ. ইতিহাস-ঐতিহ্যের লীলাভূমি সোনারগাঁও– আফতাব চৌধুরী, দৈনিক শুভ প্রতিদিন

#

মাসুদ/ডলি/২০২৪/১২.০০ ঘণ্টা